




## রূপগঞ্জ সাংবাদিকের ওপর সশস্ত্র হামলার অভিযোগ



অভিযুক্ত সিরাজুল ইসলাম | ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের রূপগঞ্জে এক সাংবাদিকের ওপর পরিকল্পিত হামলার অভিযোগ উঠেছে। দৈনিক জনকণ্ঠের স্থানীয় সংবাদদাতা মো. নূর আলম শুক্রবার (৩ এপ্রিল) দুপুরে উপজেলার মুড়াপাড়া ইউনিয়নের মঙ্গলখালী পশ্চিমপাড়া এলাকায় বাইতুন নূর জামে মসজিদের সামনে এই হামলার শিকার হন। আহত নূর আলমের ভাষ্য অনুযায়ী, জুমার নামাজ শেষে মসজিদ থেকে বের হয়ে গেটের সামনে দাঁড়াতেই পূর্ব বিরোধের জেরে আগে থেকেই ওৎ পেতে থাকা একদল হামলাকারী তাকে ঘিরে ফেলে। এরপর রামদা, চাপাতি, ছুরি, লোহার রড ও হকিষ্টিক দিয়ে এলোপাতাড়ি আঘাত করে তাকে গুরুতর জখম করা হয়। তিনি অভিযোগ করেন, হামলার একপর্যায়ে প্রধান অভিযুক্ত সিরাজুল ইসলাম অন্যদের তাকে হত্যা করার নির্দেশ দেন। এ সময় তিনি চিৎকার করলে মসজিদের মুসল্লিরা ছুটে এসে তাকে উদ্ধার করেন। হামলাকারীরা চলে যাওয়ার সময় মামলা না করতে ছমকিও দেয় বলে জানান তিনি। ঘটনার পর স্থানীয়ভাবে প্রাথমিক চিকিৎসা নেন নূর আলম। এ ঘটনায় সিরাজুল ইসলাম, শাওন, শফিক, শহিদুল্লাহ, সানাউল্লাহ, ইমাম হোসেন শান্ত ও শিপুসহ অজ্ঞাত আরও কয়েকজনের বিরুদ্ধে রূপগঞ্জ থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। রূপগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এ এইচ এম সালাউদ্দিন জানান, অভিযোগটি গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে। ঘটনার তদন্ত চলছে এবং জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।